১০৭

দৈনিক ইনকিলাব

তারিখ APR 2 5 1999
পৃষ্ঠা ২ কলাম ৫

পুলিশী নিষেধাজ্ঞা উপেক্ষার ঘোষণা

# প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে ছাত্রদলের আজ বিক্ষোভ মিছিল

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদল আজ (রবিবার) প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে বিক্ষোভ মিছিল বের করবে। ছাত্র সমাজের ১১ দফা দাবী আদায়ে সরকারকে বাধ্য করতে সকাল ১০টায় পল্টন ময়দান থেকে ছাত্রদলের বিক্ষোভ মিছিল শুরু হবে। এই কর্মসূচীর প্রেক্ষিতে পুলিশ প্রধানমন্ত্রীর

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রথম পৃষ্ঠার পর

তেজগাঁওস্থ কার্যালয় এবং চারপাশের কয়েক কিলোমিটার এলাকায় আজ মিছিল ও বিক্ষোভ প্রদর্শনের উপর নিষেধাজ্ঞা জারি করেছে। তবে ছাত্রদল নেতারা বলেছেন, সরকারী নিষেধাজ্ঞা উপেক্ষা করে তারা প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে বিক্ষোভের কর্মসূচী পালন করবে। ছাত্রদল সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক নাসিরুদ্দীন পিন্টু নেতা-কর্মীদের যে কোন মূল্যে আজকের কর্মসূচী সফল করার আহ্বান জানিয়েছেন। সরকারবিরোধী কার্যকর জোরদার ছাত্র আন্দোলন গড়ে তোলার চূড়ান্ত পর্যায়ের বড় ধরনের প্রথম কর্মসূচী হিসেবে ছাত্রদল আজ প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে মিছিল বের করছে। এই কর্মসূচী সফল করার জন্য তারা ব্যাপক প্রস্তুতি নিয়েছে। গতকাল কেন্দ্রীয় কার্যালয়ে আমান উল্লাহ আমান এমপি'র উপস্থিতিতে প্রস্তুতিসভা হয়েছে। কর্মসূচীর সমর্থনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মিছিল হয়েছে। তারা বলেছেন, নিষেধাজ্ঞা দিয়ে, পুলিশী নির্যাতনের ভয় দেখিয়ে নেতাকর্মীদের পিছু হটানো যাবে না। ছাত্রবেতন ও শিক্ষা উপকরণের মূল্য কমানো, বর্ধিত পরিবহন ফি বাতিল, ছাত্রছাত্রীদের নিয়মিত বিদ্যুৎ সরবরাহ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ধর্ষণকারীদের গ্রেফতার, শিক্ষাঙ্গন দখল ও সন্ত্রাসমুক্ত করা, ছাত্রদলসহ বিরোধী নেতাকর্মীদর মিথ্যা মামলা প্রত্যাহার ও মুক্তি দানসহ ১১ দফা দাবীতে ছাত্রদলের আজকের বিক্ষোভ মিছিল সফল করতে ছাত্র সমাজের প্রতি আহবান জানানো হয়েছে।